


সালেহ হাসান নকীব রাবির নতুন উপাচার্য



অধ্যাপক ড. সালেহ হাসান নকীব

রাবি প্রতিনিধি

প্রকাশ: ০৫ সেপ্টেম্বর ২০২৪ | ১৮:২১ | আপডেট: ০৫ সেপ্টেম্বর ২০২৪ | ১৮:২২

- অ +

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) উপাচার্য পদে নিয়োগ পেয়েছেন বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সালেহ হাসান নকীব। বৃহস্পতিবার রাষ্ট্রপতির আদেশে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব শাহীনুর ইসলাম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, রাষ্ট্রপতি ও চ্যাপ্সেলরের অনুমোদনে পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সালেহ হাসান নকীবকে বিশ্ববিদ্যালয়ে সাময়িকভাবে উপাচার্য পদে নিয়োগ দেওয়া হলো। উপাচার্য পদে তার নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে। এ পদে তিনি তার বর্তমান পদের সম্পরিমাণ বেতন-ভাতা পাবেন। তিনি বিধি অনুযায়ী পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন এবং সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন।

৫ আগস্ট আওয়ামী লীগ সরকার পতনের পর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, প্রস্তর, ছাত্র উপদেষ্টা, জনসংযোগ দণ্ডের প্রশাসক, বিভিন্ন আবাসিক হলের প্রাধ্যক্ষসহ অন্তত ৭৮ জন উদ্বৃত্ত কর্মকর্তা পদত্যাগ করেন। এতে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমে স্থুবিরতা নেমে আসে। এরই মধ্যে বিশ্ববিদ্যালয়ের ২৭তম উপাচার্য হিসেবে ড. সালেহ হাসান নকীবকে নিয়োগ দেওয়া হয়।

অধ্যাপক নকীব রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে পদার্থবিজ্ঞানে স্নাতক ও স্নাতকোত্তর শেষে ২০০৩ সালে কেমব্রিজ বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিপ্লি অর্জন করেন। ১৯৯৮ সালে তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে যোগ দেন। পদার্থবিজ্ঞান গবেষণায় স্বীকৃতি হিসেবে ২০০৮ সালে টাওয়াস ইয়ং সায়েন্টিস্ট অ্যাওয়ার্ড এবং ২০১১ সালে রাজাক-শামসুন ফিজিস্ক রিসার্চ পুরস্কারে ভূষিত হন। তিনি ২০১৭ সালে বিশ্ববিদ্যালয় ডিনস অ্যাওয়ার্ড লাভ করেন। এছাড়া ২০২১ সালে দ্য ওয়ার্ল্ড একাডেমি অব সায়েন্স টোয়াসের সদস্য পদ পান তিনি।